## পররাষ্ট্রমন্ত্রক দেশব্যাপী পাসপোর্ট সেবা শিবির কর্মসূচী আরম্ভ করছে

১. পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজ ১৮ অকটোবর ২০১৪ থেকে আরম্ভ হওয়া দেশব্যাপী পাসপোর্ট সেবা শিবির কর্মসূচী অনুমোদন করেছেন । এই কর্মসূচীর উদ্দেশ্য পাসপোর্ট সেবা কেন্দ্র(পিএসকে) থেকে দূরে বসবাসকারী জনসাধারণকে পাসপোর্ট পরিষেবার সুযোগ দেওয়া এবং এই ব্যবস্থা মন্ত্রকের পক্ষ থেকে গণপরিষেবা হাতের কাছে পৌঁছে দেওয়ার আরো একটি নাগরিক-মুখী উদ্যোগ।

২. ভারতের পাসপোর্ট পরিষেবা নেটওয়ার্ক ৩৭ টি পাসপোর্ট অফিস, পররাষ্ট্রমন্ত্রকের সদর দপ্তর (সিপিভি ডিভিশান) এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ প্রশাসন দ্বারা গঠিত। পাসপোর্ট অফিসের সম্প্রসারিত বিভাগ হিসাবে দেশের মধ্যে ৭৭ টি পিএসকে চালু করে এই নেটওয়ার্ক দেশের মধ্যে বিস্তৃত করা হয়েছে। বিদেশে বসবাসকারী ভারতীয়দের ক্ষেত্রে ১৮৩ টি ভারতীয় মিশন ও পোস্টের মাধ্যমে পাসপোর্ট বিতরণ এবং অন্যান্য প্রয়োজনীয় দলিল বিলির কাজ করে থাকে।

৩. নতুন আধুনিক ব্যবস্থা হিসাবে পাসপোর্ট আবেদনকারী এখন অন-লাইনের মাধ্যমে পাসপোর্টের আবেদন করেন, ফি জমা দেন এবংপাসপোর্টের জন্য প্রয়োজনীয় আলোকচিত্র ও বায়োমেট্রিকের জন্য পিএসকের সংস্লিষ্ট কর্মীদের সংগে সাক্ষাৎকার প্রার্থনা করে থাকেন । আয়োজিত শিবিরগুলিতে পাসপোর্ট আবেদন জমা নেওয়ার পদ্ধতি ঐ পিএসকে ধরণের হবে। তবে আবেদনকারীদের পরামর্শ দেওয়া হচছে জরুরী প্রয়োজনের কারণে তাঁরা লঘু পটভুমিতে তোলা দুটি আলোকচিত্র যেন নিয়ে যান। শিবিরগুলিতে পাসপোর্ট আবেদন ও দলিলগুলি পরীক্ষা ও সুষ্ঠু ভাবে আবেদন জমা দেওয়ার সুবিধার্থে পাসপোর্ট কর্মী নিয়োগ করা হবে। শিবিরগুলি সম্পর্কে অতিরিকতো তথ্য পাওয়া যাবে পাসপোর্ট পোর্টালে- www.passportindia.gov.in

৪. অকটোবর মাসে আগ্রা, এলাহাবাদ,কুড্ডালোর,দমন,ইন্দোর,জামশেদপুর,কারোয়ার,করিমনগর ,লাক্ষাদ্বীপ, শিলিগুড়ি ও ওয়ারাংগালে এই ধরণের শিবির আয়োজন করা হবে। জনসাধারণের চাহিদা বিবেচনা করে পররাষ্ট্রমন্ত্রক ভবিষ্যতে দেশের বিভিন্ন স্থানে এই ধরণের পাসপোর্ট শিবিরের পর্যায়করমে আয়োজন করার পরিকল্পনা করছে।

**নয়াদিল্লি**

**১৭ অকটোবর ২০১৪**

C.